



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ



আইন -১

www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৫৫.২১.১২২৩

তারিখ: ৬ আশ্বিন ১৪২৮

২১ সেপ্টেম্বর ২০২১

বিষয়: রিট পিটিশন নং ৬৭২৯/২০২১-এর আরজির আলোকে দফাওয়ারি জবাব প্রেরণ সংক্রান্ত।

সূত্র: সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের সহকারী রেজিস্ট্রার কার্যালয় থেকে ০৮/০৯/২০২১ তারিখে প্রেরিত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলাধীন ১২ নং নিত্যানন্দপুর ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ড ভিত্তিক জনসংখ্যা এবং ভোটার সংখ্যার ঘনত্বের তারতম্য বা অসামঞ্জস্যের করণার্থে ওয়ার্ড সমূহের সীমানা পুনর্বিন্যাস করার লক্ষ্যে ৩০/০৫/২০১৯ তারিখের আবেদন বাতিলের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ০৬ (ছয়) জনকে প্রতিপক্ষ করে এই রিটটি দায়ের করা হয়। হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে রুল ইস্যুপূর্বক প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। রিটের ৩নং প্রতিপক্ষ জেলা প্রশাসক, ঝিনাইদহ।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৬৭২৯/২০২১ মোকদ্দমার আরজির আলোকে দফাওয়ারি জবাব (Statements of defence) এবং প্রাসঙ্গিক যাবতীয় কাগজপত্র সত্যায়িত করে দুই প্রস্ত জরুরিভিত্তিতে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:.....(পাতা)।

২১-৯-২০২১

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব

ফোন: ৯৫৪০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

জেলা প্রশাসক

জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৫৫.২১.১২২৩/১(৪)

তারিখ: ৬ আশ্বিন ১৪২৮

২১ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, সিনিয়র সচিব/সচিবের দপ্তর, বাংলাদেশ নির্বাচন কমিশন
- ২) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৪) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ

২১-৯-২০২১
মোঃ মহিউদ্দীন শামীম
সহকারি সচিব